# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 27-08-2025** **Time: 7.50 P.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ-**

১) কেন্দ্রীয় মন্ত্রিসভা, প্রধানমন্ত্রী স্ট্রীট ভেন্ডার্স আত্মনির্ভর নিধি বা পিএম স্বনিধি প্রকল্প পুনর্গঠনের বিষয়টি অনুমোদন করেছে। খরচ ধরা হয়েছে ৭ হাজার ৩৩২ কোটি টাকা।

২) যে সমস্ত বিধানসভা কেন্দ্রে এখনও ই আর ও বা এ ই আর ও নেই, সেগুলিতে তাদের দ্রুত নিয়োগের জন্যে নির্বাচন কমিশন, রাজ্য সরকারকে চিঠি দিয়েছে।

৩) পূর্ব নির্ধারিত সূচী মেনেই আগামীকাল কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নেওয়া হবে।

৪) যে সমস্ত ক্লাব গত বছর দুর্গাপুজোর জন্য রাজ্যের দেওয়া টাকার খরচের হিসাব দেয়নি, তাদের অনুদান দেওয়ার ওপর হাইকোর্ট নিষেধাজ্ঞা জারি করেছে।

৫) একটিও উন্মুক্ত শৌচালয় না থাকার কারণে কেন্দ্রীয় সরকার কলকাতা সহ রাজ্যের ৯৪ টি পুরসভাকে ওডিএফ প্লাস পুরসভা হিসাবে চিহ্নিত করেছে।

৬) আজ সারা দেশের সঙ্গে পশ্চিমবঙ্গেও ধর্মীয় উদ্দীপনায় গণেশ চতুর্থী উদযাপিত হচ্ছে।

৭) কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লীগে মোহন বাগান সুপারজায়ান্ট ১-০ গোলে ক্যালকাটা কাসটমস ক্লাবের কাছে পরাজিত হয়েছে।

---

কেন্দ্রীয় মন্ত্রিসভা, প্রধানমন্ত্রী স্ট্রীট ভেন্ডার্স আত্মনির্ভর নিধি বা পিএম স্বনিধি প্রকল্প পুনর্গঠনের বিষয়টি অনুমোদন করেছে। পাশাপাশি প্রকল্পটির মেয়াদ বাড়িয়ে করা

হয়েছে ২০৩০-এর ৩১ শে মার্চ পর্যন্ত। এর জন্য খরচ ধরা হয়েছে ৭ হাজার ৩৩২ কোটি টাকা।

পিএম স্বনিধি-র পুনর্গঠিত প্রকল্পের আওতায় দুটি পর্যায়ে বর্ধিত ঋণের সুবিধা দেওয়া হবে। এ ছাড়াও প্রকল্পের সুবিধাপ্রাপকদের মধ্যে যারা দ্বিতীয় পর্যায়ে ঋণ শোধ করেছেন, তাদের ইউপিআই- লিঙ্কড রূপে ক্রেডিট কার্ড দেওয়ার সংস্থান রয়েছে

প্রথম পর্যায়ের ঋণের অঙ্ক ১০ হাজার টাকা থেকে বাড়িয়ে ১৫ হাজার, দ্বিতীয় পর্যায়ে ২০ হাজার টাকা থেকে বাড়িয়ে ২৫ হাজার করা হয়েছ। তৃতীয় পর্যায়ে ঋণের পরিমাণ ৫০ হাজার টাকাতেই অপরিবর্তিত রাখা হয়েছে।

১ কোটি ১৫ লক্ষ গ্রাহক এই প্রকল্পের সুবিধে পাবেন। এঁদের মধ্যে ৫০ লক্ষ নতুন গ্রাহক।

----------------------

যে সমস্ত বিধানসভা কেন্দ্রে এখনও ই আর ও বা এ ই আর ও নেই, সেগুলিতে দ্রুত ইলেক্টোরাল রেজিস্ট্রেশন আধিকারিক ও অ্যাসিসটেন্ট ইলেক্টোরাল রেজিস্ট্রেশন আধিকারিক নিয়োগ করার জন্যে নির্বাচন কমিশন , রাজ্য সরকারকে চিঠি দিয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল , মুখ্যসচিব মনোজ পন্থ কে লেখা ওই চিঠিতে এই আধিকারিকদের অবিলম্বে নিয়োগ করতে বলা হয়েছে।

এই চিঠির প্রেক্ষিতে মুখ্যসচিব আজ নবান্ন থেকে সব জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেন।

আগামী শুক্রবারের মধ্যে এই সংক্রান্ত রিপোর্ট পাঠাতে বলা হয়েছে বলে নবান্ন সূত্রের খবর।

উল্লেখ্য বিভিন্ন বিধানসভা কেন্দ্রে ই আর ও ও এ ই আর ও নিয়োগ নিয়ে রাজ্য সরকার ইতিমধ্যেই কমিশনের কাছে নামের তালিকা পাঠায়। কিন্তু কয়েকটি কেন্দ্রে তা বাকি থাকায় কমিশনের তরফে রাজ্যকে আবার চিঠি দেওয়া হয়েছে।

-----------------------

নির্বাচন কমিশনের নির্দেশে নথিভুক্ত অথচ স্বীকৃতিহীন রাজনৈতিক দলগুলিকে শুনানির জন্য তলব করেছে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর । আগামী শুক্রবার ২৯ আগস্ট ১২ টি এ'ধরনের রাজনৈতিক দলকে শুনানিতে ডাকা হয়েছে। মূলত নির্বাচন কমিশনের খাতায় নথিভুক্ত অথচ দীর্ঘদিন ধরে নিষ্ক্রিয় এই রাজনৈতিক দলগুলির অস্তিত্ব নিয়ে প্রশ্ন তুলেছে কমিশন।

-----------------------

কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা আগামীকাল পূর্ব নির্ধারিত সূচি মেনেই হবে বলে বিশ্ব বিদ্যালয় সূত্রে জানানো হয়েছে। আগামীকাল বিশ্ববিদ্যালয়ে B.COM এবং BA-LLB -র চতুর্থ সেমিস্টারের পরীক্ষা ।

তৃণমূল কংগ্রেস , দলের ছাত্র পরিষদের প্রতিষ্ঠা দিবসের সমাবেশের জন্য আগামীকাল পরীক্ষা পিছনোর এই আবেদন জানিয়েছিল । রাজ্য সরকারের তরফেও যান চলাচলের সমস্যার কারণে পরীক্ষার দিন বদলের প্রস্তাব দেওয়া হয় । কিন্তু বিশ্ববিদ্যালয়ের অন্তর্বর্তী উপাচার্য শান্তা দত্ত দে স্পষ্ট জানিয়ে দেন, পূর্বনির্ধারিত সূচি মেনেই পরীক্ষা হবে। পরীক্ষার্থীদের যাতে কোন সমস্যা না হয় তার জন্য পুলিশ প্রশাসনকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার আবেদন জানিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

অন্যদিকে, পরীক্ষার্থীদের যাতে কোন সমস্যা না হয় দলীয়ভাবেও তা দেখা হবে বলে তৃণমূল ছাত্র পরিষদের সভাপতি তৃণাঙ্কুর ভট্টাচার্য আশ্বাস দিয়েছেন । তিনি দাবি করেছেন, পরীক্ষার জন্য সমাবেশে কোনো প্রভাব পড়বে না।

-----------------------

কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে কুরুচিকর ভাষায় আক্রমণের নিন্দা করেছেন। কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী জানিয়েছেন, কলকাতা বিশ্ববিদ্যালয় সরকারের নির্দেশে কাজ করছে বাধ্য নয়।

বাইট

এদিকে বিভিন্ন কলেজে কর্মচারীরা আগামীকাল কাজ করতে অস্বীকার করেছে বলে কলেজের অধ্যক্ষরা উপাচার্যকে চিঠি দিয়ে জানিয়েছেন। সে বিষয়ে শ্রী মজুমদার বলেন, বিশ্ববিদ্যালয়ের অধীনে থাকা কলেজগুলির কর্মচারীরা কাজ করতে বাধ্য। পাশাপাশি ছাত্ররা আগামীকাল পরীক্ষা দিতে আসবে কিনা, সেটা তাদের উপরেই ছেড়ে দেওয়া উচিত।

অন্যদিকে দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন, ছাত্রদের যদি পরীক্ষা দেওয়া জরুরী মনে হয় তাহলে তারা পরীক্ষা দেবে। পাশাপাশি পরীক্ষার চেয়ে অনুষ্ঠানে অংশ নেওয়া বেশি গুরুত্বপূর্ণ মনে হয় তাহলে তারা অনুষ্ঠানে অংশ নেবে।

-----------------------

মালদায় গৌড়বঙ্গ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্য পবিত্র চট্টোপাধ্যায়কে তার পদ থেকে অপসারণ করেছেন আচার্য তথা রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস। রাজ্যপালের দপ্তরের তরফে আজ সকালে উপাচার্যকে ইমেইল করে বিষয়টি জানানো হয়। দায়িত্ব পালনে ব্যর্থতা এবং দুর্নীতির অভিযোগেই রাজ্যপালের এই সিদ্ধান্ত বলে সূত্রের খবর।

এর আগে বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠান নিয়েও টানাপোড়েন চলে। গত ২৫ শে আগস্ট রাজ্যপাল বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন অনুষ্ঠানের দিন ধার্য করে দিলেও সময়ের অভাবের কারণ দেকিয়ে তা না করার কারণেও উপাচার্যের এই অপসারণ বলে মনে করা হচ্ছে।

----------------------

রাজ্যের দুই শিক্ষিকা এবার নতুন দিল্লীতে শিক্ষক দিবসের অনুষ্ঠানে জাতীয় শিক্ষকের সম্মান পাচ্ছেন। এরা হলেন পশ্চিম মেদিনীপুরের খড়গপুরে কুচলাচাটি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষিকা তনুশ্রী দাস এবং কলকাতার নিউটাউনে দিল্লী পাবলিক স্কলের শিক্ষিকা মধুরিমা আচার্য্য। আগামী ৫ই সেপ্টম্বর নতুন দিল্লীর বিজ্ঞানভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এই সম্মান প্রাপকদের হাতে তুলে দেবেন। জাতীয় শিক্ষকদের সম্মানের জন্য মনোনীত তনুশ্রী এর আগে ২০২০ সালে রাজ্য সরকারের শিক্ষা রত্ন পুরস্কারেও সম্মানিত হন। তারই উদ্যোগে পড়ুয়াদের জন্য অর্থ সঞ্চয়ের মানসিকতার বিকাশে প্রত্যেক ছাত্রছাত্রীর নামে টাকা জমানোর ভাঁড় রাখা হয়েছে। পাশাপাশি প্রাথমিক চিকিৎসার জন্য স্কুলেই রাখা হয়েছে কিছু বেড এবং চিকিৎসার সরঞ্জাম। আকাশবাণীকে তিনি জানালেন, জাতীয় শিক্ষা নীতি সঠিকভাবে রূপায়নের জন্য় বিশেষ উদ্যোগ নিচ্ছেন তারা। জোর দেওয়া হচ্ছে মাতৃভাষার শিক্ষার ওপর।

বাইট

অন্যদিকে, নিউটাউনে ডিপিএস-এর কম্পিউটার সায়েন্সের শিক্ষিকা মধুরিমাকে শ্রেণীকক্ষে প্রযুক্তির ব্যবহার ও প্রোজেক্ট ভিত্তিক লার্নিং এবং ছাত্রছাত্রীদের তাতে অংশগ্রহণে উৎসাহিত করার জন্য এই পুরস্কার দেওয়া হবে। আকাশবাণীকে তিনি

জানিয়েছেন, বিভিন্ন উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান থেকে বিদ্যালয় স্তরে যেসব প্রকল্প চালানো হয়, তাতে পড়ুয়াদের অংশগ্রহণ সুনিশ্চিত করতে ইনোভেশন ক্লাব চালু করেছেন তিনি।

বাইট

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আগামী রবিবার ৩১-শে আগস্ট, আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৫-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

----------------------

কলকাতা হাইকোর্ট, যেসব ক্লাব, গতবছর দুর্গা পুজোর জন্য রাজ্যের দেওয়া টাকার খরচের হিসাব এখনো দিতে পারেনি, তাদের অনুদান দেওয়ার উপর নিষেধাজ্ঞা জারি করেছে ।

দুই বিচারপতি সুজয় পাল ও স্মিতা দাস দে-র ডিভিশন বেঞ্চ নির্দেশ দিয়েছে, চলতি বছর বিজয়া দশমীর একমাস পর সব ক্লাবকেই রাজ্য পুলিশের মহা নির্দেশক ও

কলকাতা পুলিশ কমিশনারের কাছে টাকা খরচের হিসেব বা 'ইউটিলাইজেশন সার্টিফিকেট' দিতে হবে।

এদিকে, রাজ্যের এডভোকেট জেনারেল কিশোর দত্ত আজ আদালতে জানান, ৪১' হাজার ৭৯৫ টি ক্লাবের মধ্যে মাত্র তিনটি ক্লাব, খরচের হিসেব দেয়নি। বিচারপতি সুজয় পাল বলেন, ২০২২ সালের ১৩ 'ই সেপ্টেম্বর বিচারপতি প্রকাশ শ্রীবাস্তব নির্দেশ দিয়েছিলেন, নির্দিষ্ট সময়ে আগের বছরের টাকা খরচের 'ইউটিলাইজ সার্টিফিকেট' দিলে, তবেই তাদের অনুদান মঞ্জুর করা যাবে। সেই নির্দেশই রাজ্যকে চলতি বছর'ও মানতে হবে।

দুর্গাপুজার ছুটির একমাস পর ফের এই মামলার শুনানি।

-----------------------

একটিও উন্মুক্ত শৌচালয় না থাকার কারণে কেন্দ্রীয় সরকার, কলকাতা সহ রাজ্যের ৯৪টি পুরসভাকে 'ওডিএফ প্লাস' বা উন্মুক্ত শৌচমুক্ত পুরসভা হিসেবে চিহ্নিত করেছে। স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের আওতায় সরকারের প্রতিনিধিরা সমীক্ষা চালিয়ে দেখেছেন, রাজ্যের ১২৮টি পুরসভার মধ্যে ৯৪টিতে কোনো খোলা শৌচালয় নেই। কেন্দ্রের পক্ষ থেকে এই পুরসভাগুলিকে সাফল্যের শংসাপত্র দেওয়া হয়েছে। পুর ও নগর উন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম বলেন, রাজ্য সরকার পরিবেশ সচেতনতাকে বিশেষ গুরুত্ব দিচ্ছে। বাকি পুরসভাগুলিকেও খোলা শৌচমুক্ত করার বিষয়ে জোর দেওয়া হচ্ছে।

একটি প্রতিবেদন

-----------------------

আজ গণেশ চতুর্থী। ভাদ্র মাসের শুক্ল পক্ষের এই তিথিতে এরাজ্যেও চলেছে সিদ্ধিদাতা গণপতির আরাধনা। বারোয়ারি পুজোর পাশাপাশি অনেক বাড়িতেও গণেশ পুজোর আয়োজন করা হয়েছে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস এবং মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গণেশ চতুর্থী উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

এদিকে, গণেশ প্রতিমা বিসর্জনের জন্য পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন, আগামীকাল থেকে রবিবার ৩১শে আগস্ট পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। তিন জোড়ালোকাল কলকাতা স্টেশন থেকে যাতায়েত করবে। লোকালের যাত্রাপথ পরিবর্তন হয়ে শিয়ালদা মেইন সেকশন পর্যন্ত হবে। আরো বেশ কিছু ট্রেনের যাত্রা পথ পরিবর্তন ও সংক্ষিপ্ত করা হয়েছে।

----------------------

কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, ১ গোলে ক্যালকাটা কাস্টমস ক্লাবের কাছে পরাজিত হয়েছে। নৈহাটি স্টেডিয়ামে এই ম্যাচে খেলার শেষ মুহূর্তে রৌনক পাল জয়সূচক গোলটি করেন।

বারাকপুর স্টেডিয়ামে অন্য ম্যাচে সুরুচি সংঘ ২-০ গোলে রেলওয়ে এফ সি , কে হারিয়ে দিয়েছে।

----------------------

স্থানীয়ভাবে বজ্রগর্ভ মেঘের কারণে দক্ষিণবঙ্গের বিভিন্ন জায়গায় আজও বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। দুই চব্বিশ পরগনা, হাওড়া, নদীয়া এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় বজ্রবিদ্যুত্‍ সহ বৃষ্টি হতে পারে।

এদিকে, দার্জিলিং, জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় আজ বিক্ষিপ্ত ভাবে ভারী বৃষ্টির সম্ভাবনা

অন্যদিকে, উত্তর পশ্চিম বঙ্গোপসাগর এবং সংলগ্ন ওড়িশা উপকুলের সৃষ্ট নিম্নচাপের প্রত্যক্ষ প্রভাব এরাজ্যে না পড়লেও উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ৩৫ থেকে ৫৫ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে।

মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সাগরে পাড়ি দিতে নিষেধ করা হয়েছে।

----------------------

নদীয়ার কৃষ্ণনগরের সেগুন বাগান এলাকার এক নাবালিকাকে ধর্ষনের দায়ে কৃষ্ণনগরের পকসো আদালত, দোষী সাব্যস্ত কে কুড়ি বছরের কারাবাসের নির্দেশ দিয়েছে। সেই সঙ্গে বিচারক আজ নীলাদ্রি বিশ্বাস নামে ওই ব্যক্তিকে কুড়ি হাজার টাকা জরিমানার নির্দেশ দিয়েছেন।

নীলাদ্রি সম্পর্কে ওই নাবালিকার পিসমশাই হয়।

উল্লেখ্য, ২০২৪ এর এপ্রিলে নীলাদ্রি, নাবালিকা মেয়েটিকে কৃষ্ণনগর থেকে ব্যাঙ্গালোরে রেখে তাকে ধর্ষণ করে বলে অভিযোগ। ।পরে তাকে শান্তিপুরে তার পিসিমার বাড়িতে রেখে যায়।সেখান থেকে মেয়েটি কৃষ্ণনগরে নিজেরে বাড়িতে ফিরে সমস্ত কথা জানায়।

---------------------- ----------------------